

মিডিয়া বিজ্ঞপ্তি

ইয়াং গ্লোবাল লিডার ২০২৪ সালের ক্লাসে যুক্ত হলেন আজিজা খান



ফটো ক্যাপশন: দক্ষিণ এশিয়ার নির্বাচিত ১১জনের মধ্যে সামিট গ্রুপের পরিচালক আজিজা আজিজ খান এসিসিএ ইয়াং গ্লোবাল লিডার ২০২৪ সালের ক্লাসে মনোনীত হয়েছেন।

- ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম এবার ২০২৪ সালের ইয়াং গ্লোবাল লিডারদের নাম উন্মোচন করলো: এই দলে প্রায় ৯০ জনকে নির্বাচন করা হয়েছে, যারা নিজেদের কাজের মাধ্যমে ভবিষ্যৎ অগ্রগতির সম্ভাব্য পরিবর্তনকারী হবেন বলে আশা করা যাচ্ছে।
- এই বছরের দলটিতে সেইসব ব্যক্তি যারা তাঁদের কাজের মাধ্যমে রাজনীতি, ব্যবসা, সুশীল সমাজ, কলা ও শিক্ষাতে তাঁদের সমাজ, প্রতিষ্ঠানের গন্ডি পেরিয়ে অসাধারণ প্রভাব বিস্তার করার সক্ষমতা রাখেন।

(সুইজারল্যান্ড, ১৫ই এপ্রিল, ২০২৪, সোমবার): আজিজা আজিজ খান এসিসিএ, ফাইন্যান্স, টেকসই উন্নয়ন ও সমাজসেবা খাতের দূরদর্শী ও নবীন নেতৃত্ব হিসেবে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সম্মানজনক ইয়াং গ্লোবাল লিডার ২০২৪ সালের ক্লাসে অংশ নেবেন।

এ প্রসঙ্গে আজিজা আজিজ খান এসিসিএ বলেন, “ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ইয়াং গ্লোবাল লিডার ২০২৪ সালের ক্লাসে অংশ নিয়ে আমি জীবনের নতুন একটি অধ্যায় শুরু করার জন্য উন্মুখ। আমার বরাবরই বিশ্বাস একসাথে আলোচনা ও পরামর্শ আদান-প্রদানের প্রাণ শক্তির উপর। সেই জন্য আমি ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের সহপাঠীদের সাথে নিয়ে সমাজের ইতিবাচক পরিবর্তনের জন্য কাজ করতে চাই। সর্বোপরি, সবার জন্য সাশ্রয়ী, পরিবেশবান্ধব ও ক্লিন এনার্জি পৌঁছে দেওয়া আমাদের একটি যৌথ স্বপ্ন। এই স্বপ্ন বাস্তবায়নে আমি সবার সহযোগিতা ও দোয়া নিয়ে সামনে এগিয়ে যেতে চাই।”

আজিজা খান বিশ্বে অন্যতম যারা ইয়াং গ্লোবাল লিডার অসামান্য নেতৃত্বের একজন। এই দায়িত্ববান নেতারা তিন বছরের একটি রূপান্তরকারী যাত্রার মাধ্যমে বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য ইতিবাচক পরিবর্তন আনতে কাজ করবেন।

আজিজা আজিজ খানের ২০২৪ সালের ক্লাসে অভিশেক তাঁর ফাইন্যান্স, টেকসই উন্নয়ন ও সমাজসেবা খাতের দূরদর্শী দৃষ্টিভঙ্গির স্বীকৃতি দিয়েছে, অতঃপর এটি তার উদ্ভাবনী কৌশল এবং নিরলস সহানুভূতিশীল উদ্যোগের প্রমাণ স্বরূপ, যা সামিট গ্রুপকে নতুন অধ্যায় নিয়ে যাবার পাশাপাশি বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর এবং নারীর ক্ষমতায়নে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছেন।

Read more: [New Class | The Forum of Young Global Leaders](#)